# আত-ত্বীন | At-Tin | ٱلتِّين

আয়াতঃ ৯৫ : ২

## আরবি মূল আয়াত:

وَ طُوۡرِ سِیۡنِیۡنَ ۙ﴿۲﴾

## অনুবাদসমূহ:

কসম ‘সিনাই’ পর্বতের, — আল-বায়ান

শপথ সিনাই পর্বতের (যা নবী মূসার স্মৃতি বিজড়িত), — তাইসিরুল

শপথ ‘সিনাই’ পর্বতের – — মুজিবুর রহমান

And [by] Mount Sinai — Sahih International

### ২. শপথ তূরে সীনীন(১)-এর,

(১) বলা হয়েছে “তূরে সীনীন” এর অর্থ, সীনীন অঞ্চলের তূর পর্বত। এ পাহাড়ে আল্লাহ তা'আলা মূসা আলাইহিস সালামের সাথে কথা বলেছিলেন। [মুয়াস্‌সার] এ পাহাড় সীনীন উপত্যকায় অবস্থিত, যার অপর নাম সাইনা। আর সাইনা বা সিনাই মিসর ও ফিলিস্তিন দেশের মধ্যে একটি মরুভূমি। [আত-তাহরীর ওয়াত-তানওয়ীর]

তাফসীরে জাকারিয়া

### ২। শপথ ‘সিনাই’ পর্বতের। [1]

[1] এটা হল সেই ‘তূর পাহাড়’ যে স্থানে আল্লাহ তাআলা মূসা (আঃ)-এর সাথে কথোপকথন করেছিলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6100

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন